

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৬৫

তারিখঃ ২৫ মার্চ, ২০২৫

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ব্যাংকিং কার্যক্রম চলমান রাখা প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২৪/০৩/২০২৫

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেনে সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকের শাখাসমূহ ২৮ ও ২৯ মার্চ, ২০২৫ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে মর্মে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলারটি জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশ তৈরি —



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০২

১০ চৈত্র ১৪৩১

তারিখঃ -----

২৪ মার্চ ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

০৩ এপ্রিল ২০২৫ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ২৩ মার্চ ২০২৫ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৩১ এর মাধ্যমে ০৩ এপ্রিল ২০২৫ তারিখ বৃহস্পতিবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভুলুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেনে সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকের শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ২৮ ও ২৯ মার্চ ২০২৫ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

তারিখ	অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
২৮ মার্চ ২০২৫ শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:০০ ঘটিকা হতে ২:০০ ঘটিকা পর্যন্ত জুমাতুল বিদার বিরতি)	সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত
২৯ মার্চ ২০২৫ শনিবার	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতি)	সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত।

০৩। ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

০৪। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ মোতাবেক ২৮ মার্চ ২০২৫ হতে ০৫ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখার স্বার্থে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩